

বাড়ির কাজ - ৪

শ্রেণি: চতুর্থ

বিষয়: বাংলা

শিক্ষার্থীর নাম:

রোল নম্বর:

তারিখ:

নির্দেশনা: “বাংলার খোকা” গল্পটি মনোযোগ সহকারে পড়ি ও অনুশীলনীর কাজগুলো আলাদা পৃষ্ঠায় লিখি।

অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

পথ-প্রান্তর আবদার উদারতা মুগ্ধ দরদ করুণ হতাশ জেলা চৌকাঠ

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

আবদার নিবিড় করুণ উদারতা হতাশ জেলা মুগ্ধ দরদ

ক. বন্ধুর সাথে সম্পর্ক হওয়াই ভালো।

খ. ছেলের শূনে মা হতবাক হয়ে গেলেন।

গ. মানুষকে মহান করে।

ঘ. নাটকটি দেখে আমি হয়েছি।

ঙ. ছোট বোনটির জন্য ভাইয়ের অনেক

চ. বাস দুর্ঘটনার দৃশ্য দেখে চোখে জল এসেছে।

ছ. সামান্য কারণেই হওয়া ঠিক নয়।

জ. আমাদের সব দিক থেকে সমৃদ্ধ।

৩. বাক্য গঠন করি।

আদর সোনালি কপাল চাদর গরিব আনন্দ রাজনীতি পিতা

৪. নিচের প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি।

ক. কোথায় এবং কত সালে খোকার জন্ম হয়?

খ. বন্ধুদের বাসায় এনে খোকা মায়ের কাছে কী আবদার করত?

গ. বৃন্দ মহিলা কোথায় শীতে কাঁপছিল? খোকা তাকে কীভাবে সাহায্য করে?

ঘ. খোকা ভিজে ভিজে বাড়ি ফেরে কেন?

ঙ. কে স্বাধীনতার ডাক দেন?

৫. বিপরীত শব্দ বলি ও খাতায় লিখি।

শব্দ	বিপরীত শব্দ
বন্ধু
আনন্দ
ভেজা
গরিব
নিচে
দুঃখ
স্বাধীনতা

৬. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ছোটবেলা থেকেই মানুষকে ভালোবাসতেন – এমন দুটি ঘটনার কথা খাতায় লিখি।

৭. আগের পাঠে আমরা বিশেষ্য ও বিশেষণ পদ শিখেছি। এবার নিচের শব্দগুলো থেকে বিশেষ্য ও বিশেষণ পদ চিহ্নিত করি এবং খাতায় লিখি।

ঘর সোনালি স্কুল ছাতা বড় চাদর বাঁশি গাছ হতাশ উদার মুগ্ধ চৌকাঠ করুণ

৮. কর্ম-অনুশীলন।

খোকা গরিব-দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবার জন্য এগিয়ে এসেছিলেন, আমরা নিজেরা গরিব মানুষের জন্য কে কী করতে পারি তা লিখি।



মমতাজউদ্দীন
আহমদ

লেখক-পরিচিতি

মমতাজউদ্দীন আহমদ ১৯৩৫ খ্রিস্টাব্দের ১৮ই জানুয়ারি ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের মালদহে জন্মগ্রহণ করেন। তিনি দীর্ঘকাল অধ্যাপনায় নিয়োজিত ছিলেন। তিনি বাংলাদেশের একজন বিশিষ্ট নাট্যকার। তাঁর রচিত কয়েকটি নাটক হচ্ছে: 'স্বাধীনতা আমার স্বাধীনতা', 'সাত ঘাটের কানাকড়ি' প্রভৃতি। তিনি বাংলা একাডেমি পুরস্কার ও একুশে পদকসহ বহু পুরস্কার লাভ করেছেন।